

ই-মেইল ও রেজিঃ ডাক যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪২৬.১৮- ২৬

তারিখঃ ১ অগ্রহায়ণ ১৪২৫।
২০ নভেম্বর, ২০১৮।

বিষয়ঃ রিট পিটিশন নং ১০৫৭৩/২০১৮ এর দফাওয়ারী বাংলা/ইংরেজি জবাব ও অন্যান্য রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব প্রভাস চন্দ্র মন্ডল, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), মজগুরখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), উপজেলা- আশাশুনি, সাতক্ষীরা- তিনি উক্ত বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত হয়ে কর্মরত ছিল। কিন্তু জাতীয়করণে তাঁকে প্রধান শিক্ষক হিসেবে গেজেটভুক্ত না করে সহকারী শিক্ষক হিসেবে গেজেটভুক্ত করা হয়। ফলে তিনি প্রধান শিক্ষক পদে চাকুরী পাওয়ার দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ১০৫৭৩/২০১৮ দায়ের করেছেন। রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট ০৩(তিন) মাসের জন্য Status-quo প্রদান করেছেন।


Pending hearing of the Rule, the respondents are directed to maintain status-quo in respect of appointment of Head Masters in petitioner's schools for period of 03 (three) months from date.

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুসরণপূর্বক পিটিশনার নিকট থেকে আর্জির কপি সংগ্রহ করে রিট পিটিশন নং ১০৫৭৩/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি/বাংলা জবাবসহ নিম্নোক্ত রেকর্ডসমূহ আগামী ২৯ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১) রিট পিটিশন নং- ১০৫৭৩/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- ২) প্রেরিত ওকালতনামায় স্বাক্ষর প্রদান ৩(তিন)টি (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- ৩) প্রেরিত ক্ষমতাপর্ণ পত্রে স্বাক্ষর ৩(তিন) টি (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- ৪) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- ৫) Statment of Fact (SF).

সংযুক্তি : ওকালতনামা ও ক্ষমতা অর্পন পত্র।

বি: দ্র: প্রতিটি রেকর্ড সুস্পষ্ট ও সত্যায়িত করে প্রেরিতব্য।


মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার
সহকারী পরিচালক (আইন কোষ)


জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
সাতক্ষীরা

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪২৬.১৮- ২৬

তারিখঃ ১ অগ্রহায়ণ ১৪২৫।
২০ নভেম্বর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা (তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। সংরক্ষণ নথি।


মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার
সহকারী পরিচালক (আইন কোষ)